



মোঃ মাহবুব হোসেন  
মন্ত্রিপরিষদ সচিব  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফোন: +৮৮০২-২২৩৩৮৬৫৫৮  
ফ্যাক্স: +৮৮০২-২২৩৩৮৬৫৫৯  
ই-মেইল: cab\_secy@cabinet.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর- ০৪.০০.০০০০.৩১১.০৬.১০১.২৪.৪৫ (৫২)

১৮ মাঘ ১৪৩০  
তারিখ:-----  
০১ ফেব্রুয়ারি ২০২৪

শ্রী. মাহবুব হোসেন

আপনি অবগত আছেন যে, গত ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে একটি অবাধ, নিরপেক্ষ ও সূষ্ঠা নির্বাচনের মাধ্যমে বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধারাবাহিকভাবে চতুর্থসহ পঞ্চমবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রীর দায়িত্বভার গ্রহণপূর্বক সরকার গঠন করেছেন। জনকল্যাণে গৃহীত সরকারি নীতিসমূহের ধারাবাহিকতা অব্যাহত রেখে ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে গত ১৫ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত সরকারের বর্তমান মেয়াদে প্রথম মন্ত্রিসভা-বৈঠকে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত সকলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রী নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন:

- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অংশীজনের সঙ্গে সমন্বয় করে মুদ্রাস্ফীতি ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- পবিত্র রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহ স্বাভাবিক রাখার জন্য আশু ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- নির্বাচনী ইশতেহার ২০২৪-এ বর্ণিত প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিকতার সঙ্গে সমন্বিতভাবে পদক্ষেপ গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়/বিভাগসমূহ জাতীয় বাজেট প্রণয়নকালে নির্বাচনী ইশতেহার ২০২৪ বিবেচনায় রাখবে;
- কৃষি উৎপাদন বৃদ্ধি এবং খাদ্য পণ্য সংরক্ষণাগার নির্মাণে অগ্রাধিকার প্রদান করতে হবে;
- স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের চারটি স্তম্ভ স্মার্ট সিটিজেন, স্মার্ট সরকার, স্মার্ট অর্থনীতি এবং স্মার্ট জনগণ নিশ্চিত করতে নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগে করণীয় চিহ্নিত করে তা বাস্তবায়ন করবে;
- নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রকল্পের উপকারিতা/দেশের জনগণের কল্যাণকে অগ্রাধিকার প্রদান করতে হবে। বিদেশি ঋণ/সহায়তা গ্রহণকালীন যথাযথভাবে সম্ভাব্যতা যাচাই করতে হবে। এ ছাড়া, চলমান প্রকল্পসমূহ বিশেষ করে যোগুলির বাস্তবায়ন সর্বশেষ পর্যায়ে রয়েছে সেগুলির প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে;
- সরকারি ক্রয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। দুর্নীতি প্রতিরোধে 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করতে হবে।;
- সামাজিক নিরাপত্তা কর্মসূচি প্রকৃত উপকারভোগীর নিকট পৌঁছানো নিশ্চিত করতে হবে;
- সরকারের শূন্য পদসমূহে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- নারী উন্নয়ন ও ক্ষমতায়নে সাফল্যের ধারা অব্যাহত রাখতে হবে;
- রপ্তানি বহুমুখীকরণ, নতুন নতুন বাজার অনুসন্ধান ও প্রবেশে সহায়তা করতে হবে;
- গার্মেন্টস সেক্টরের ন্যায় চামড়া ও চামড়াজাত পণ্য, পাট ও পাটজাত পণ্য এবং কৃষিজাত পণ্য বিষয়ক শিল্প বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;
- শিক্ষাকে কর্মমুখী করার লক্ষ্যে আইসিটি শিক্ষাকে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে;
- যুবসমাজকে খেলাধুলা এবং শিল্প-সংস্কৃতি চর্চায় উৎসাহ প্রদানের মাধ্যমে তাদের মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ হতে বিরত রাখতে হবে;
- অগ্নিসন্ত্রাস ও নাশকতার বিরুদ্ধে সমন্বিতভাবে কার্যক্রম গ্রহণ করতে হবে;

২। এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনা প্রতিপালন এবং বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণে আপনার ব্যক্তিগত উদ্যোগ ও ঐকান্তিক প্রচেষ্টা কামনা করছি।

Ab  
তাহাজ আরেফিন

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
প্রশাসন-৪ শাখা/অধিশাখা  
ডায়েরী নং: ০০৮  
তারিখ: ০১/২/২৪

ড. শাহনাজ আরেফিন এনডিসি  
সচিব.

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

ইনস্ট্রাকশন

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সচিবের দপ্তর	ইনস্ট্রাকশন নম্বর: ২২৬
অতিরিক্ত সচিব (প্রশাসন)	তারিখ: ০১/২/২৪
অতিরিক্ত সচিব (উন্নয়ন)	সময়: ০১/২/২৪
অতিরিক্ত সচিব (তথ্য ব্য.)	
যোগাযোগ সচিব	
উপসচিব	
সিনিয়র সহ. সচিব	
পিএস	

০৬.০২.২৪

আন্তরিকভাবে আপনার

মোঃ মাহবুব হোসেন

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
যোগাযোগ সচিব (প্রশাসন) এর দপ্তর
প্রশাসন-১ শাখা/ অধিশাখা
প্রশাসন-২ শাখা/ অধিশাখা
প্রশাসন-৩ শাখা/ অধিশাখা
সমন্বয় ও সংস্কার শাখা/ অধিশাখা
হিসাব শাখা/ অধিশাখা
ব্যক্তিগত কর্মকর্তা